গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার কার্যালয়
বালিয়াডাংগী, ঠাকুরগাও।

স্মারক নং-উপ:স্বাস্থ্য/বালিয়া/ঠাক/২০১৭-৯৫৭ তারিখ: ০৮/০৭/২০২১খ্রি:।

# নোটিশ

এতদ্বারা উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিষয়ক স্থায়ী কমিটির সম্মানিত সকল সদস্যগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিষয়ক স্থায়ী কমিটির সভা আগামী ০৮/০৭/২০২১খ্রি. তারিখ সকাল ১১:০০ ঘটিকার সময় উপজেলা পরিষদ অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় যথাসময়ে সকলকে উপস্থিত হওয়ার জন্য অনুরোধ করা হলো।

৫

(ডা: আবুল কাশেম)
উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার
ও
সদস্য সচিব
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিষয়ক কমিটি
বালিয়াডাংগী, ঠাকুরগাও।

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজণীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

১। চেয়ারম্যান,উপজেলা পরিষদ,বালিয়াডাংগী, ঠাকুরগাও।
২। উপজেলা নির্বাহী অফিসার, বালিয়াডাংগী, ঠাকুরগাও।
৩। উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার,বালিয়ডাংগী, ঠাকুরগাও।
৪। চেয়ারম্যান, পাড়িয়া/ধনতলা/ভানোর/বড়বাড়ী ইউপি,বালিয়াডাংগী, ঠাকুরগাও।
৫। অফিস নথি।

উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার
ও
সদস্য সচিব
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিষয়ক কমিটি
বালিয়াডাংগী, ঠাকুরগাও।

# স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিষয়ক স্থায়ী কমিটির সভার কার্য বিবরনী

সভাপতি : জনাব আলেয়া পারভীন
মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ,বালিয়াডাংগী, ঠাকুরগাও।

স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ।

তারিখ : ০৮/০৭/২০২১খ্রি:।

সময় : বিকাল ২.০০ ঘটিকা

উপস্থিত সদস্যবৃন্দ পরিশিষ্ট ক,

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর বিগত সভার কার্যবিবরনী সভায় পাঠ করে শুনানো হয়। কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। অত:পর সভায় নিম্নরুপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে ইউনিয়ন পর্যায়ে ফসল কাটা ও মাড়াই কাজে নিয়োজিত কৃষক/কৃষাণীররা চোখে ফসলের আঘাতে বা যন্ত্রের আঘাতে অনেক সময় অন্ধত্ব বরন করেন। মাঠ পর্যায়ে অনেক কৃষক এ বিষয়ে চিকিৎসা নেওয়ার জন্য হাসপাতালে আসেন । মাড়াই সংক্রান্ত অসর্তকতা ও চিকিৎসা সংক্রান্ত অবহেলার কারণে অনেকেই চির দিনের জন্য অন্ধত্ব হয়ে যায়। তাই এ বিষয়ে কৃষকদের অন্ধত্বজনিত রোগ প্রতিরোধে ও সর্তকতার জন্য কৃষকদের প্রশিক্ষণ প্রয়োজন।<br>তিনি উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প এর আওতায় দক্ষতা উন্নয়নের লক্ষে চোখে আঘাত জনিত অন্ধত্ব প্রতিরোধে কৃষকদের স্বাস্থ্যসেবা বিষয়ে দক্ষতা উন্নয়ন প্রশিক্ষনের জন্য উপ-প্রকল্প জমা দেয়ার জন্য প্রস্তাব করেন।<br>তিনি আরো বলেন যে,বালিয়াডাংগী উপজেলায় বর্তমানে মাধ্যমিক পর্যায়ের শিক্ষার্থীদের (কিশোর-কিশোরী) বয়:সন্ধিকালীন স্বাস্থ্যসেবা বিষয়ে সচেতনতার অভাব রয়েছে। তাই ৩০টি মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের (কিশোর-কিশোরী) বয়:সন্ধিকালীন স্বাস্থ্যসেবা বিষয়ে ওরিয়েন্টশন বিষয়ক উপ-প্রকল্প গ্রহণ করার জন্য প্রস্তাব করেন।<br>চেয়ারম্যান,১নং পাড়িয়া সভায় বলেন যে, ৩০টি মাধ্যমিক বিদ্যালয় বলতে ৮টি ইউনিয়ন হতে তালিকা করে সে হারে বাস্তবায়ন করা প্রয়োজন।<br><br>এ প্রসংগে ভাইস চেয়ারম্যান আব্দুস সামাদ পান্না বলেন যে, উক্ত প্রকল্পের প্রাক্কলন (ভ্যাট ,ট্যাক্স সহ) অবশ্যই ১ লক্ষ টাকা বা তার বেশি, ২ লক্ষ টাকার বেশি হবে না । তাছাড়া উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প কর্তৃক প্রদত্ত ফরমেট/ছক মোতাবেক প্রকল্প প্রস্তাবনা দাখিল করার পরামর্শ দেন।<br>তিনি আরো বলেন যে, যেহেতু উক্ত প্রকল্পের মাধ্যমে উপকারভোগীদের সক্ষমতা উন্নয়ন করা হবে । তাই এমন প্রকল্প গ্রহন করতে হবে যাতে করে এই প্রকল্প দ্বারা জনগনের উপকার হয় এবং উন্নয়ন টেকসই হয় সে বিষয়ে লক্ষ্য রাখতে হবে। | সভায় উক্ত প্রকল্পটি সর্ম্পকে বিস্তারিত আলোচনা করা হয়, আলোচনান্তে উপজেলা উন্নয়ন প্রকল্প যাচাই বাছাই কমিটির সভায় উপস্থাপনের জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার কে বলা হলো। প্রকল্প প্রস্তাবনা তৈরী করার জন্য সকলেই প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবেন। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা , বালিয়াডাংগী। |
| ০২ | বিবিধ: সভাপতি সাহেব বলেন যে, প্রকল্প প্রস্তবনা দাখিলের সময় যেহেতু কম। তাই সঠিক ও নিভুলভাবে প্রকল্প প্রস্তুত করতে হবে। | | |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভার সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

তারিখ: ৮/৭/২০২১খ্রি:

(আলেয়া পারবীন)
মহিলা ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
সভাপতি
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিষয়ক কমিটি
বালিয়াডাংগী, ঠাকুরগাও।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার কার্যালয়
বালিয়াডাংগী, ঠাকুরগাও।

স্মারক নং-উপ:স্বাস্থ্য/বালিয়া/ঠাক/২০১৭-৫৫৯

তারিখ: ০৮/০৭/২০২১খ্রি:।

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজণীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

১। চেয়ারম্যান,উপজেলা পরিষদ,বালিয়াডাংগী, ঠাকুরগাও।
২। উপজেলা নির্বাহী অফিসার, বালিয়াডাংগী, ঠাকুরগাও।
৩। উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার,বালিয়াডাংগী, ঠাকুরগাও।
৪। চেয়ারম্যান, পাড়িয়া/ধনতলা/ভানোর/বড়বাড়ী ইউপি,বালিয়াডাংগী, ঠাকুরগাও।
৫। অফিস নথি।

(ডা: আবুল কাশেম)
উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার
ও
সদস্য সচিব
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিষয়ক কমিটি
বালিয়াডাংগী, ঠাকুরগাও।

[illegible] ও [illegible] কমিটি।

তাং, ০৮/০৭/২৩

| ক্র.নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | [illegible] | সভাপতি | [illegible] |
| ২, | [illegible] | সদস্য | [illegible] ০৮/০৭/২৩ |
| ৩, | [illegible] | সদস্য | [illegible] |
| ৪, | [illegible] | সদস্য | [illegible] |
| ৫, | [illegible] | সদস্য | [illegible] ০৪.১.২৪ |